# ঢাকা বিশ্ববিদ্যালয়
## ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
## প্রযুক্তি ইউনিট
## ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহ
## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম

# ভর্তি নির্দেশিকা

**ভর্তি পরীক্ষা: ৪ এপ্রিল ২০২৬ শনিবার, সকাল ১১:০০টা হতে দুপুর ১২টা ৩০মিনিট পর্যন্ত**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে পরিচালিত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ; ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ও বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমূহে (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), সাভার, ঢাকা; শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ, মোহাম্মদপুর, ঢাকা; এবং সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি, মিরপুর, ঢাকা) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম-এ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

## আবেদনের ন্যূনতম যোগ্যতা

১. প্রার্থীকে ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৫ সালে বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IGCSE/O-Level এবং IAL/GCE/A-Level বা সমমানের বিদেশী ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের গ্রেডভিত্তিক পরীক্ষায় পৃথকভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম ৩.০০ জিপিএসহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫০ হতে হবে। তবে, প্রার্থীর উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, ও গণিত বিষয় থাকতে হবে।

২. যে সকল প্রার্থী ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত IGCSE/O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে গড়ে C গ্রেড এবং ২০২৫ সনের IAL/GCE/A-Level পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয়ে অন্তত C গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে (কোনো বিষয়ে D গ্রেড গ্রহণযোগ্য হবে না) শুধুমাত্র ঐসকল প্রার্থী ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট-কে নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে:

A=5.00  B= 4.00  C= 3.50  D=0.0

উল্লেখ্য, যারা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় আবেদন করেছে, তারা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদন করতে পারবে না।

## প্রাথমিক আবেদন

৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ও বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহে [ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), এবং শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ, এবং সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি, মিরপুর, ঢাকা] ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম-এ ভর্তি ইচ্ছুক প্রার্থীরা **১৪ জানুয়ারি ২০২৬ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত অনলাইন-এর মাধ্যমে আবেদন করতে পারবে।**

৪. (ক) অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন (https://collegeadmission.eis.du.ac.bd) ওয়েব সাইট-এর মাধ্যমে করা যাবে। ভর্তির আবেদনের জন্য প্রার্থীর মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক-এর তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), কোটা সংক্রান্ত তথ্য, এবং ওয়েবসাইটে উল্লিখিত সাইজের একটি ছবির প্রয়োজন হবে। ভর্তি ইচ্ছুক প্রার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে অন্য কোনো ইউনিটে ইতোমধ্যে ভর্তির আবেদন করে থাকলে তাকে নতুন করে কোনো তথ্যাদি দিতে হবে না। আবেদনকারীকে তাৎক্ষনিক অনলাইনের [ডেবিট/ ক্রেডিট কার্ড, মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিসের (বিকাশ/নগদ/রকেট ইত্যাদি)] মাধ্যমে বা দেশের চারটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, ও রূপালী) যেকোনো শাখায় নির্ধারিত সময় সীমার মধ্যে ভর্তি পরীক্ষার ফি বাবদ **৮৫০/- (আটশত পঞ্চাশ)** টাকা জমা দিতে হবে।

(খ) আবেদনের ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য https://collegeadmission.eis.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(গ) O-Level/A-Level/সমমানের বিদেশি পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ আবেদনকারীদের সমতা নিরূপণের জন্য https://collegeadmission.eis.du.ac.bd ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপনের পর প্রাপ্ত এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান রোল নম্বর ব্যবহার করে অন্যান্য আবেদনকারীদের ন্যায় উপরোক্ত ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

## ভর্তি পরীক্ষা

৫. (ক) ভর্তি ইচ্ছুক সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**(খ) ভর্তি পরীক্ষা ৪ এপ্রিল ২০২৬ তারিখ, রোজ শনিবার সকাল ১১:০০ টা হতে দুপুর ১২ টা ৩০ মিনিট পর্যন্ত শুধুমাত্র ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ১ ঘন্টা ৩০ মিনিট।**

(গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১২০ টি প্রশ্নের জন্য মোট ১২০ নম্বর থাকবে।

৬. ভর্তি পরীক্ষার প্রশ্ন ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ি বাংলা ও ইংরেজি মাধ্যমে থাকবে; এবং প্রত্যেক প্রার্থীকে পদার্থ, রসায়ন, গণিত, ও ইংরেজি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে।

পদার্থ, রসায়ন, ও গণিত প্রতিটি বিষয়ের জন্য ৩৫ নম্বর এবং ইংরেজি বিষয়ের জন্য ১৫ নম্বর থাকবে।

৭. ভর্তি পরীক্ষার পাস ৪০% অর্থাৎ ৪৮ নম্বর। ৪৮ এর কম নম্বর প্রাপ্ত প্রার্থীদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। উল্লেখ্য, ভুল উত্তরের জন্য কোনো প্রকার নম্বর কাটা হবে না।

৮. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই), সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগ-এ ভর্তি ইচ্ছুক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় পৃথকভাবে পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।

৯. ভর্তি পরীক্ষায় এমসিকিউ (MCQ) পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। প্রার্থীকে এমসিকিউ (MCQ) ঘর পূরণ করার উপযোগী প্রয়োজনীয় কালো বলপেন সঙ্গে আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি এমসিকিউ (MCQ) উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব, উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদেরকে সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে।

১০. উত্তরপত্রে Roll Number ও Serial Number লেখায় কোনো ঘষামাজা থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হল-এ প্রার্থীর নিকট মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এমন যে কোনো প্রকার ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হল-এ প্রার্থীর নিকট কোনো প্রকার ইলেকট্রনিক্স (স্মার্ট) ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে তাৎক্ষণিক বহিস্কার করা হবে।

১২. ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্ব থেকে বিস্তারিত আসন বিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েব সাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) লগইন করে দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ি এসএমএস-এর মাধ্যমেও নিজ নিজ আসন বিন্যাস জানতে পারবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

১৩. (ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে (যার মধ্যে ভর্তি পরীক্ষা ১২০ নম্বর, মাধ্যমিক/ IGCSE/O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ৮ গুণ অর্থাৎ ৪০ নম্বর এবং উচ্চমাধ্যমিক/ IAL/GCE/A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ৮ গুণ অর্থাৎ ৪০ নম্বর)।

(খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে।

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর

(২) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয় ব্যতিত

(৩) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয়সহ

(৪) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয় ব্যতিত

(৫) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয়সহ

(গ) IGCSE/O-Level এবং IAL/GCE/A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে,

A=5.0 B=4.0 C=3.50 D=0.0

(ঘ) যারা ভর্তি পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ২০০ নম্বরের মধ্যে ৮০ (আশি) এর কম নম্বর পাবে, তাদের মেধাস্কোর করা হবে না।

১৪. ফলাফল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) পাওয়া যাবে এবং এসএমএস-এর মাধ্যমেও জানা যাবে।

১৫. ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর **পুনঃনিরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ি নগদ ১,০০০/- (এক হাজার)** টাকা পুনঃনিরীক্ষা ফি অনুষদ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ বরাবর প্রবেশপত্রের ফটোকপিসহ আবেদনপত্র জমা দিয়ে প্রার্থীর উত্তরপত্র পুনঃনিরীক্ষা করানো যাবে। পুনঃনিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে দেওয়া হবে।

১৬. মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট (ওয়েব সাইটে উল্লিখিত) তারিখের মধ্যে অনলাইনে কলেজ/ইনস্টিটিউটসহ বিভাগ পছন্দকরণ ফরম (Subject Choice) পূরণ করতে হবে। পরবর্তীতে কলেজ/ইনস্টিটিউটসহ বিষয় পছন্দক্রম এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে কলেজ/ইনস্টিটিউটসহ বিভাগ মনোনয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তি ইউনিট ভর্তি সংশ্লিষ্ট ওয়েব সাইটে প্রকাশ করা হবে। ভর্তি ইচ্ছুক প্রার্থীকে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা অনুযায়ি ভর্তির যাবতীয় কার্যক্রম পর্যায়ক্রমে সম্পন্ন করতে হবে এবং মনোনীত প্রার্থীদেরকে বিজ্ঞপ্তি অনুযায়ি অনলাইনের মাধ্যমে ফি জমা দিয়ে ঐ জমার রশিদের প্রিন্ট কপিসহ SSC ও HSC পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ অফিসে স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

১৭. ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র এবং অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র ভর্তির জন্য মনোনীত সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট-এ জমা দিতে হবে।

## কোটা

১৮. উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, হিজড়া), হরিজন ও দলিল সম্প্রদায় এবং মুক্তিযোদ্ধা কোটা (শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান) আবেদনের সুযোগ পাবে। যারা অনলাইনে আবেদন করার সময় কোটায় টিক (√) দিবে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কোটা সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ অফিস হতে নির্ধারিত আবেদন ফরম (ফি জমা সাপেক্ষে) সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ কোটার আবেদন ফরম জমা দিতে পারবে। অন্যান্য প্রার্থীদের ন্যায় কোটায় আবেদনকারী প্রার্থীদের ভর্তি পরীক্ষার পাশ নম্বর ৪০% হিসেবে ন্যূনতম ৪৮ নম্বর পেতে হবে। এছাড়া বিভাগ ও প্রতিষ্ঠান বরাদ্দের ক্ষেত্রে অন্যান্য সকল শর্ত বহাল থাকবে। ভর্তির চাহিদা মোতাবেক আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা না দিলে প্রার্থীর ঐ আবেদন প্রাথমিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং ঐ আবেদনকারী কোটার কোনো প্রকার সুযোগ-সুবিধা পাবে না।

- এছাড়া নির্ধারিত আসন সংখ্যার বাহিরে খেলোয়াড় সুবিধায় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান-বিকেএসপি থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী) এবং পোষ্য সুবিধার উপযুক্ত প্রার্থীকে অনলাইনে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। তবে এ বিষয়ে আদালতে একটি মামলা চলমান রয়েছে। বিষয়টি বিচারাধীন বিধায় এর আলোকে সাধারণ ভর্তি কমিটির নির্দেশনা অনুযায়ী প্রযুক্তি ইউনিটের জন্য ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

- মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) থেকে প্রকাশিত মুক্তিযোদ্ধার প্রমাণস্বরূপ (বর্ণিত প্রমাণক/গেজেট) তালিকার প্রিন্ট কপি ও অনলাইনের তথ্য কপি (তবে মুক্তিযোদ্ধার তথ্য সংশ্লিষ্ট ওয়েবসাইটে অবশ্যই থাকতে হবে), উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব স্ব আদিবাসী প্রধান ও জেলা প্রশাসন-এর সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র ও জেলা প্রশাসনের সনদপত্র, প্রতিবন্ধীদের কোটার ক্ষেত্রে (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) জেলা সিভিল সার্জন, সমাজসেবা অধিদপ্তর এবং বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের ফটোকপিসহ প্রতিবন্ধীর পরিচয়পত্রের ফটোকপি, হিজড়া সম্প্রদায়ের ক্ষেত্রে হিজড়া সম্প্রদায় প্রধান ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের সময় অবশ্যই সকল কোটার ক্ষেত্রে স্ব স্ব কোটার কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- **বিভিন্ন কোটার আসন বন্টন নিম্নরূপ:**
  (ক) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসনে ভর্তি করা হবে।
  (খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী ১% আসনে ভর্তি করা হবে।
  (গ) প্রতিবন্ধী প্রার্থীদের ১% আসনে ভর্তি করা হবে।
  (ঘ) হরিজন ও দলিত সম্প্রদায় ১% আসনে ভর্তি করা হবে।
- **প্রচলিত রীতি অনুযায়ি কোটায় নির্ধারিত আসন পূরণ না হলে মূল মেধা তালিকার ক্রমানুযায়ী শূন্য আসন পূরণ করা হবে। সকল কোটার ভর্তির আসন সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে এবং খেলোয়ার ও পোষ্য সুবিধা ভর্তির ক্ষেত্রে বরাদ্দকৃত আসন সংখ্যা মূল আসন সংখ্যার অতিরিক্ত হিসেবে গন্য হবে।**

## বিবিধ

১৯. পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বেই পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসনে আসন গ্রহণ করতে হবে।

২০. **আবেদনকারী ভর্তি সংক্রান্ত লিংক-এ (https://collegeadmission.eis.du.ac.bd) লগইন করে ১০/০৩/২০২৬ তারিখ বিকাল ৩:০০ টা হতে পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্ব পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড-এর মাধ্যমে সংগ্রহ করতে পারবে।**

২১. কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গন্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২. পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

২৩. ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪. প্রার্থীকে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর চূড়ান্ত ভর্তির জন্য নির্ধারিত তারিখে বিজ্ঞপ্তি অনুসারে অনলাইনের মাধ্যমে ফি পরিশোধ করতে হবে ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অফিসে সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে এবং ভর্তি সংক্রান্ত লিংক (https://collegeadmission.eis.du.ac.bd)-এ মনোনীত কলেজ/ইনস্টিটিউটসহ বিভাগ দেখতে হবে। মনোনীত কলেজ/ইনস্টিটিউট ও বিভাগ পাওয়ার পর প্রার্থীকে ওয়েব সাইটে ভর্তি সংক্রান্ত নোটিশে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ি সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট-এ ভর্তি হতে হবে।

২৫. বেসরকারি ইনস্টিটিউট/কলেজ-এ প্রথম বর্ষে ভর্তি হওয়া আর্থিকভাবে অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদেরকে ভর্তিকৃত আসন সংখ্যার উপর ৫% হারে বৃত্তি প্রদান করা হবে।

২৬. ভর্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য জানার জন্য প্রার্থীদেরকে নিয়মিত ভর্তি সংশ্লিষ্ট ওয়েব সাইট দেখতে হবে।

২৭. ভর্তি সংক্রান্ত যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৮. ভর্তি প্রক্রিয়ায় যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো গরমিল ধরা পড়ে তাহলে প্রার্থীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি, ভর্তি পরীক্ষা, বিভাগ মনোনয়ন এবং ভর্তি বাতিল করা হবে।

## পরীক্ষা ও ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

| | |
|---|---|
| **অনলাইনে ভর্তির আবেদন** | **: ১৪ জানুয়ারি ২০২৬ তারিখ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রাত ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত** |
| **আবেদন ফি জমা দেওয়ার তারিখ** | **: ১৪ জানুয়ারি ২০২৬ তারিখ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত** |
| **আবেদন ফি** | **: ৮৫০.০০ (আটশত পঞ্চাশ) টাকা** |
| **আবেদনে তথ্য/ছবি সংশোধনের তারিখ** | **: সর্বশেষ তারিখ ৫ মার্চ ২০২৬ পর্যন্ত** |
| **প্রবেশপত্র সংগ্রহের তারিখ** | **: ১০ মার্চ ২০২৬ তারিখ বিকাল ৩:০০ টা হতে পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্ব পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে** |
| **পরীক্ষার তারিখ** | **: ৪ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১১:০০ টা হতে দুপুর ১২ টা ৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠিত হবে** |
| **ভর্তি পরীক্ষার ফলাফল** | **: দ্রুততম সময়ের মধ্যে নিম্নোক্ত ওয়েব সাইটে প্রকাশ করা হবে। (https://collegeadmission.eis.du.ac.bd)** |
| **ক্লাশ শুরুর সম্ভাব্য তারিখ** | **: ভর্তির যাবতীয় কার্যক্রম সমাপ্তির পর দ্রুততম সময়ের মধ্যে শুরু করা হবে** |

## ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম-এ ভর্তির জন্য বিভাগ ও নির্ধারিত আসন সংখ্যা নিম্নরূপঃ

| প্রতিষ্ঠানের নাম | ভর্তিকৃত বিভাগসমূহ | আসন সংখ্যা |
|---|---|---|
| **ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি)** | সিভিল ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| **ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি)** | সিভিল ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| **বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি)** | সিভিল ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| **ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার) (বেসরকারি)** | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | **২৪০ টি** |
| | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | **১২০ টি** |
| | ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | **৬০ টি** |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | **১২০ টি** |
| **শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ (বেসরকারি)** | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | **১২০ টি** |
| | ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | **৩০ টি** |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | **৫০ টি** |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | **৫০ টি** |
| **সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি (বেসরকারি)** | সিভিল ইঞ্জিনিয়ারিং | **৩০ টি** |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | **৪০ টি** |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | **৩০ টি** |
| | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | **৩০ টি** |
| | **সর্বমোট আসন সংখ্যা =** | **১৪৬০ টি** |

## অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহঃ

| প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | বিভাগসমূহ | ফি |
|---|---|---|---|
| **ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি)** | খাগডহর (রহমতপুর)<br>ময়মনসিংহ<br>ফোনঃ ০৯১-৫২১১১<br>০২২২৩৩৭৬৭৭৫ | সিভিল ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ-এর বিধি মোতাবেক |
| **ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি)** | ফরিদপুর<br>ফোন ০৬৩১-৬৬৩০৪, ৬৬৩০৫ | সিভিল ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ-এর বিধি মোতাবেক |
| **বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি)** | বরিশাল<br>ফোনঃ ০২-৯১০৩৯৫৬ | সিভিল ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ-এর বিধি মোতাবেক |
| **ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)**<br>(বেসরকারি) | নয়ারহাট, সাভার, ঢাকা<br>মোবাইল ফোনঃ<br>০১৭৫৫০৬০২৭৫,<br>০১৮২০০০৮৮৭৬ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>ইন্ডাষ্ট্রিয়াল প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং<br>ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪ বছরে কোর্স ও অন্যান্য ফি ৪,৮৫,০০০/- সকল কোর্সের জন্য (রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফি ব্যতিত) |
| **শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ**<br>(বেসরকারি) | হাউস নংঃ ১০, রোড নংঃ ০১, চাঁদ উদ্যান, মোহাম্মদপুর, ঢাকা<br>**০১৯০৭৪৮৫৮০১**<br>**০১৯০৭৪৮৫৮০২**<br>**০১৭১১৫২৬৩৬৬**<br>**০১৭৫৪৯৭৮১৭৩** | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪ বছরে কোর্স অন্যান্য ফিসহ ৪,৫৩,০০০/- (রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফি ব্যতিত) |
| **সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি**<br>(বেসরকারি) | সাইক টাওয়ার, এম/৩, (মিরপুর-১৩ প্রিন্স বাজার সংলগ্ন) মিরপুর-১৪,<br>ঢাকা-১২১৬<br>০১৯৩৬০০৫৮১৬<br>০১৯৩৬০০৫৮১৭ | সিভিল ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৪ বছরে কোর্স ফি ৩,৩৭,৩০০/- (রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফি ব্যতিত) |

# ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজটি একটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ (সদর) শহর থেকে প্রায় ৮ কিলোমিটার পশ্চিমে খাগডহর (রহমতপুর)-এ অবস্থিত। কলেজটি ১১ এপ্রিল ২০০৭ সাল হতে প্রশাসনিক কার্যক্রম শুরু করে। দেশে প্রকৌশল শিক্ষা বিস্তারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর প্রকল্পের মাধ্যমে কলেজের যাত্রা শুরু হয়।

কলেজটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধীনে একাডেমিক কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। উক্ত কলেজটিতে বর্তমানে ৩টি বিভাগ রয়েছে: (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ, (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ, এবং (৩) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ। এই প্রতিষ্ঠানে প্রতি একাডেমিক সেশনে প্রত্যেক বিভাগে ৬০ জন করে মোট ১৮০ জন ছাত্র-ছাত্রীর ভর্তির সুয়োগ রয়েছে।




**প্রশাসনিক ভবন**

অত্র কলেজে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত সর্বমোট ১০টি ল্যাব রয়েছে। এছাড়াও বিভাগের বিভাগীয় সেমিনার লাইব্রেরী এবং আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ ক্লাশ রুম রয়েছে ও স্বনামধন্য শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের জন্য রয়েছে অত্যাধুনিক সুযোগ সুবিধাসহ সকল বিভাগে পৃথক ল্যাব।



**ই.ই.ই. ভবন**

## ল্যাবসমূহ:

Electrical and Electronics Circuit Lab, Electrical Machine Lab, Power System & High Voltage Lab, Digital Signal Processin/ VLSI Lab, Communication Lab, Simulation Lab, Power Electronics Lab

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ১১টি আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাব রয়েছে। যেখানে Structural Engineering Lab, Geo-Technical Engineering Lab, Environmental Engineering Lab, Transportation Engineering Lab ও Hydraulics Lab, বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়াও আধুনিক প্রযুক্তিসমৃদ্ধ Multimedia Classroom ও Lab সমূহ রয়েছে যেখানে শিক্ষকরা বিভিন্ন animations, e-book and simulations উপস্থাপনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকেন এবং বিভাগে সার্বক্ষণিক Wifi সুবিধা, সুসজ্জিত কনফারেন্স রুমসহ ছাত্র-ছাত্রীদের মেধা ও মনন বিকাশে নানাবিধ সুযোগ-সুবিধা বিদ্যমান।



**সিভিল ভবন**

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ১০টি সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত ল্যাব রয়েছে। এছাড়াও বিভাগের বিভাগীয় সেমিনার লাইব্রেরী এবং আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ ক্লাশ রুম রয়েছে ও স্বনামধন্য শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।



**সি.এস.ই ভবন**

কলেজটিতে ৫ তলা বিশিষ্ট একটি লাইব্রেরী রয়েছে, যেখানে আন্তর্জাতিক মানের বই, জার্নাল, বিখ্যাত গবেষকদের গবেষনা পান্ডুলিপি ও বঙ্গবন্ধু কর্ণার উল্লেখযোগ্য। কলেজে ৩০০ আসনবিশিষ্ট একটি অডিটোরিয়াম রয়েছে।



**লাইব্রেরী ভবন**

এছাড়াও কলেজটিতে সর্বমোট ৩টি আবাসিক হল, যার দুটি হল ছাত্রদের ও একটি হল ছাত্রীদের জন্য বরাদ্দ রয়েছে। ৫০০ ছাত্র-ছাত্রী উক্ত হলগুলোতে আবাসিক সুবিধা পাচ্ছে। সম্পূর্ণ ক্যাম্পাসটি ওয়াই-ফাই আওতাভূক্ত ও সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত। ক্লাশ রুমগুলো ডিজিটাল প্রজেক্টের মাধ্যমে ব্যবস্থা করা আছে। প্রত্যেক ডিপার্টমেন্টে আলাদা ডিজিটাল সেমিনার রুম রয়েছে।



**আবাসিক হল (ছাত্র)**

কলেজটিতে রোভার স্কাউট ও গার্ল ইন রোভার কার্যক্রম চালু রয়েছে। অধিকন্তু, অত্র কলেজের মেধাবী গ্র্যাজুয়েটগণ দেশে-বিদেশে বৃত্তিসহ উচ্চতর ডিগ্রী অর্জন করে সুনামের সাথে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত আছে।



**আবাসিক হল (ছাত্রী)**

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ হতে ১০টি ব্যাচ ইতোমধ্যে গ্র্যাজুয়েশন শেষ করেছে। তাদের মধ্যে অনেকে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিসিএস প্রশাসন ও শিক্ষা ক্যাডার এবং বিভিন্ন মন্ত্রণালয়ে প্রথম শ্রেণির কর্মকর্তা, সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষক, বিআরইবি, পিজিসিবি, ডিপিডিসি, ডেসকো, নেসকোসহ অন্যান্য পাওয়ার সেক্টরে অত্যন্ত সুনামের সাথে কর্মরত আছে। ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ হতে প্রতিবছরই উল্লেখযোগ্য গ্র্যাজুয়েট ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ইউরোপের বিখ্যাত ইরাসমাস মুন্ডুস, গ্লোবাল কোরিয়া স্কলারশিপসহ অন্যান্য ফুল ফান্ডেড স্কলারশিপ নিয়ে USA, Korea, Italy, Germany, Japan, Finland, Australia, Canada, UK এর মতো দেশগুলোর ওয়ার্ল্ড র‍্যাংকিং-এর শীর্ষে থাকা বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চশিক্ষা ও গবেষণার করার সুযোগ পাচ্ছে। এছাড়াও অত্র ক্যাম্পাসের গ্র্যাজুয়েটদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যার নারী গ্র্যাজুয়েটগণও উন্নত বিশ্বের শীর্ষে অবস্থানকারী প্রযুক্তি পণ্য নির্মাণকারী প্রতিষ্ঠানগুলোতে দক্ষতার সাথে কর্মরত রয়েছে। দেশের নবীনতম প্রকৌশল শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে দেশে-বিদেশে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থী এবং গ্র্যাজুয়েটদের সাফল্য অসামান্য। এছাড়াও আধুনিক বিজ্ঞানচিন্তার জন্য প্রতিষ্ঠানটিতে রয়েছে বিজ্ঞান ও প্রকৌশল ভিত্তিক ক্লাব "আলফা সায়েন্স ল্যাব"- যারা নিয়মিত তাদের বিজ্ঞান চর্চা সম্পর্কিত কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিবছর সফলতার সহিত জাতীয় এবং বৈশ্বিক বিভিন্ন ধরণের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আসছে আলফা সায়েন্স ল্যাব। এই ল্যাব থেকেই বাংলাদেশের তৈরি প্রথম রকেট ধূমকেতু এর গবেষণা কার্যক্রম ও উৎক্ষেপন হয়েছে। প্রতি মাসে অন্তত একবার বিজ্ঞান চর্চার জন্য সেমিনারের আয়োজন করে থাকে ডিপার্টমেন্ট ও রোবটিক্স সোসাইটি ল্যাব।



Rocketry Innovation Challenge 2022 winner



Champion-Mymensingh Division Nasa Space apps Challenge-Bangladesh



Champion of Inter-Departmental Debate Championship



Participants of MEC Programming Club



ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ-এর গ্র্যাজুয়েট এবং শিক্ষার্থীদের যৌথ উদ্যোগে তৈরি বাংলাদেশের প্রথম রকেট ''ধুমকেতু''



ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ রোভার স্কাউট-এর একাংশ

**এছাড়াও প্রতিষ্ঠানটিতে রয়েছে:**

- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ রোবটিক্স ডিবেটিং সোসাইটি
- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ রিটার্ন কমিউনিটি
- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ডিবেটিং সোসাইটি
- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ প্রোগ্রামিং ক্লাব
- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ক্যারিয়ার ক্লাব
- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফিল্ম এন্ড ফটোগ্রাফী ক্লাব

প্রতিষ্ঠানটিতে প্রত্যেক বছর প্রশাসনিক উদ্যোগে তিনটি বিভাগের তত্ত্বাবধানে আয়োজন করা হয় বিশেষায়িত টেক ফেস্ট, যেখানে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে। এছাড়াও অত্র প্রতিষ্ঠানের রোবটিক্স টিম ইতিপূর্বে IIT-Bombay Tech Fest এর বাংলাদেশ অঞ্চলের বাছাই পর্বেও প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়ে মুম্বাই-তে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং একবার ফাইনালিস্ট হওয়ার গৌরব অর্জন করে।




**কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপঃ**

**খাগডহর (রহমতপুর), ময়মনসিংহ, ফোনঃ ০২২৩৩৭৬৭৭৫**

**০২২২৩৩৭৬৭৭৯ (বিভাগীয় প্রধান ননটেক)**

**০২২২৩৩৭৬৭৮০ (বিভাগীয় প্রধান ইইই)**

**Website: www.mec.ac.bd**

**E-mail: mec.ac.bd@gmail.com**

# ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন একটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ। কলেজটি ফরিদপুর শহর থেকে মাত্র ২.৭ কি.মি পূর্ব দিকে অবস্থিত। ২০১০ খ্রিস্টাব্দে ৫ একর জায়গা জুড়ে কলেজটি প্রতিষ্ঠিত। কিন্তু কলেজের একাডেমিক কার্যক্রম ২০১৩ সন থেকে শুরু হয়। প্রতিষ্ঠানটির একাডেমিক কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে এবং প্রশাসনিক কার্যক্রম কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে পরিচালিত হচ্ছে।

কলেজটিতে প্রতি সেশনে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ৬০ (ষাট) করে মোট ১৮০ (একশত আশি) শিক্ষার্থী ভর্তি করা হয়।



**একাডেমিক ভবনের সম্মুখে, ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন মহোদয়ের (অধ্যাপক ড. উপমা কবির) সাথে ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষকবৃন্দ**

প্রতিষ্ঠানটিতে নয়নাভিরাম ডিজাইনের ১০ টি ভবন রয়েছে। তাছাড়া, রয়েছে ৫ তলা বিশিষ্ট ০২ (দুই) টি আবাসিক ছাত্র হল এবং ০১ (এক) টি আবাসিক ছাত্রী হল। প্রতিটি আবাসিক হলে শিক্ষার্থীদের খেলাধুলা, বিনোদন, বিতর্ক ক্লাবসহ অন্যান্য সুযোগ-সুবিধা বিদ্যমান।

কলেজটির মাল্টিপারপাস ভবনে রয়েছে প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষার সাথে সঙ্গতিপূর্ণ দেশি-বিদেশি পুস্তক সমৃদ্ধ লাইব্রেরি, উচ্চ গতি সম্পন্ন ফ্রি ইন্টারনেট সংযোগে পরিপাটি অধ্যয়ন কক্ষ, কেন্দ্রীয় পরীক্ষার হল ও অডিটোরিয়াম। প্রশাসনিক ভবনে রয়েছে অধ্যক্ষের কার্যালয়, তথ্য বাতায়ন সংরক্ষণাগার, রেজিস্ট্রার সেকশন, একাউন্টস্ সেকশন, কন্ফারেন্স কক্ষ, পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ, ছাত্রীদের কমন রুম, মহিলাদের নামাজের স্থান ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র, যেখানে বিশেষজ্ঞ ডাক্তার সেবা প্রদান করেন।






**ব্যাংক, ডাকঘর,ক্যাফেটেরিয়া ছাত্র হল ছাত্রী হল খেলার মাঠ**

প্রতিষ্ঠানটিতে ব্যাংক, ডাকঘর, ক্যাফেটেরিয়া, রোভার স্কাউটসহ অন্যান্য সুযোগ-সুবিধা সমৃদ্ধ দ্বিতলা ভবন রয়েছে। তাছাড়া আবাসিক ছাত্র হল ও ছাত্রী নিবাসের মধ্যখান জুড়ে রয়েছে অধ্যক্ষ মহোদয়ের জন্য অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন দ্বিতলা বাস ভবন। ধর্মীয় অনুশাসন শিক্ষাসহ মুসলিম শিক্ষার্থীদের নামাজ আদায়ের জন্য দৃষ্টিনন্দন ৫ হাজার বর্গফুট মিটারের একটি মসজিদ রয়েছে।

চতুর্ভুজাকৃতির সবুজ ক্যাম্পাসের পশ্চিম প্রান্তে শোভা পাচ্ছে তিনটি বিভাগের জন্য পৃথক লিফট এবং কানেকটিং ব্রিজসহ সুউচ্চ স্ব-স্ব একাডেমিক ভবন। ভবনের প্রতিটি ফ্লোর-এ রয়েছে বিভাগভিত্তিক শিক্ষা সহায়ক প্রযুক্তি, অত্যাধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ বিষয়ভিত্তিক ২৮ টি ল্যাব ও গবেষণাগার এবং ডিজিটাল ক্লাস রুম।

একাডেমিক কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন ধরনের সহশিক্ষা কার্যক্রমেও কলেজটি পিছিয়ে নেই। প্রতিষ্ঠানটি ২০১৮ সালে ডিজিটাল উদ্ভাবনী মেলায় ফরিদপুর জেলার মধ্যে সর্বশ্রেষ্ঠ প্রতিষ্ঠান হওয়ার গৌরব অর্জন করেছে। যার ধারাবাহিকতা অব্যাহত রয়েছে। সহশিক্ষা কার্যক্রম অনুশীলনে ডিবেটিং ক্লাব, ল্যাঙ্গুয়েজ ক্লাব, সাংস্কৃতিক ক্লাব, রেড ক্রিসেন্ট সোসাইটি, রিসার্চ এন্ড ইনোভেশন সেন্টার এবং রোবোটিক রিসার্চ সেন্টার-এর মতো গুরুত্বপূর্ণ শিক্ষা সহায়ক কাজগুলো চলমান। তাছাড়াও রয়েছে স্বপ্ন সারথীর ব্যানারে দুস্থ মানুষের মধ্যে খাবার ও শীতবস্ত্র বিতরণের মতো মানবিক ও সামাজিক উন্নয়ন সহায়ক সংস্থা এবং বিভিন্ন ধরনের সাংস্কৃতিক ও রক্তদান কর্মসূচীর মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অবদান।

উল্লেখ্য যে, ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে বি.এসসি ইন সিভিল এবং বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের মাধ্যমে ভর্তির মাধ্যমে একাডেমিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে কলেজটিতে প্রায় ৭২০ জন শিক্ষার্থী অধ্যয়নরত। নিয়োগপ্রাপ্ত, খন্ডকালীন এবং গেস্ট টিচারসহ প্রায় ৪০ জন শিক্ষক ও কর্মকর্তা রয়েছে। ২০১৭ খ্রি. থেকে বি.এস.সি ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে ৯৮% বি.এসসি ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় সফলতার সাথে উত্তীর্ণ হয়েছে। যার ধারাবাহিকতা আজও

বিদ্যমান।




ওরিয়েন্টেশন -এর খন্ডচিত্র

## সিভিল ইঞ্জিনিয়ারিং (CE) বিভাগঃ

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ১১টি আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাব রয়েছে। যেখানে Structural Engineering Lab, Geo-Technical Engineering Lab, Environmental Engineering Lab, Transportation Engineering Lab ও Hydraulics Lab বিশেষভাবে উল্লেখযোগ্য। এই ল্যাবসমূহে একাডেমিক কার্যক্রমে অর্ন্তভুক্ত কোর্সের পাশাপাশি সরকারি বিভিন্ন প্রকৌশল বিভাগের কাজ সংশ্লিষ্ট টেস্ট দক্ষতার সহিত করে আসছে।



Structural Engineering Lab



Transportation Engineering Lab



Hydraulics Lab



Geotech Lab



Enviornmental Engineering Lab

## ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) বিভাগঃ

অত্র কলেজে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত সর্বমোট ৮টি ল্যাব রয়েছে। এছাড়া আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ ক্লাশ রুম রয়েছে এবং স্বনামধন্য শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের জন্য রয়েছে অত্যাধুনিক সুযোগ সুবিধাসহ পৃথক ল্যাব।

**ল্যাবসমূহঃ**

(1) Electrical Circuit Lab, (2) Electrical Machine Lab,
(3) High Voltage Lab, (4) Digital Electronics and micro processing lab
(5) Communication Lab, (6) Computer and Simulation Lab,
(7) Electronics Lab (8) Power Electronics Lab



**Power Electronics lab**


**Electrical Machine Lab**


**High Voltage Lab**


**Electrical Circuit Lab**

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ হতে ৬টি ব্যাচ ইতোমধ্যে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছে। তাদের মধ্যে অনেকে বাংলাদেশের বিভিন্ন সরকারি-বেসরকারি সেক্টরে অত্যন্ত সুনামের সাথে কর্মরত আছে। ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ হতে প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক গ্র্যাজুয়েট বাংলাদেশ ও বিশ্বের অন্যান্য দেশে ফুল ফান্ডেড স্কলারশিপ নিয়ে USA, Korea, Germany, Australia, Canada, UK এর মতো দেশগুলোর ওয়ার্ল্ড র‍্যাংকিং-এর শীর্ষে থাকা বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চশিক্ষা ও গবেষণা করার সুযোগ পাচ্ছে।


## কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE) বিভাগ:

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE) বিভাগ একটি আধুনিক এবং প্রশিক্ষণমূলক পরিবেশ প্রদান করে, যা শিক্ষার্থীদের প্রযুক্তি এবং কম্পিউটার সায়েন্স ক্ষেত্রে দক্ষতা অর্জনের সুযোগ করে দেয়। বিভাগের মূল লক্ষ্য হচ্ছে, শিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা প্রদান করা, যাতে তারা বর্তমান বিশ্বে সফল ক্যারিয়ার গড়ে তুলতে পারে। বর্তমান সিলেবাস এবং পাঠ্যক্রম আন্তর্জাতিক মানের, যা সবসময় প্রযুক্তির সাম্প্রতিক পরিবর্তনের সাথে সামঞ্জস্যপূর্ণ।



**একাডেমিক ভবন – সিএসই বিভাগ**

এই বিভাগের ল্যাবসমূহ অত্যাধুনিক প্রযুক্তিতে সজ্জিত এবং শিক্ষার্থীদের হাতে-কলমে শিক্ষা দান করা হয়। এখানে সফটওয়্যার ল্যাব, মাল্টিমিডিয়া ল্যাব, নেটওয়ার্কিং ল্যাব, ডিজিটাল লজিক ডিজাইর ল্যাব, মাইক্রোপ্রসেসর ল্যাবসহ বিভিন্ন কার্যকরী ল্যাব রয়েছে, যেখানে শিক্ষার্থীরা বাস্তব সমস্যার সমাধান করতে পারে। এছাড়া যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ম্যাশিন লার্নিং, ইমেজ প্রসেসিং এবং ডাটা সায়েন্স ল্যাব স্থাপন চলমান আছে। এই ল্যাবগুলোতে অভিজ্ঞ ফ্যাকাল্টি সদস্যদের তত্ত্বাবধানে, শিক্ষার্থীদের তাদের তাত্ত্বিক জ্ঞানকে প্রায়োগিক ও ব্যবহারিক জ্ঞানে রূপান্তরের শিক্ষা প্রদান করা হয়ে থাকে।


**সফটওয়্যার ল্যাব**


**মাল্টিমিডিয়া ল্যাব**


**সফটওয়্যার ল্যাব**


**ডিজিটাল লজিক ডিজাইন ল্যাব**

এছাড়া, সিএসই বিভাগের শিক্ষার্থীরা কলেজের বিভিন্ন ক্লাবে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে থাকে, যা তাদের সৃজনশীলতা এবং টিম ওয়ার্ক স্কিল উন্নত করতে সহায়ক। এছাড়া সিএসই বিভাগে রয়েছে “প্রোগ্রামিং

ক্লাব", "সফটওয়্যার ডেভলপমেন্ট ক্লাব", "সাইবার সিকিউরিটি ক্লাব", “রিসার্চ ক্লাবসহ” ইত্যাদি নানা ধরণের ক্লাব। এই ক্লাবগুলোর মাধ্যমে শিক্ষার্থীরা নলেজ শেয়ারিং এর মাধ্যমে নতুন নতুন প্রযুক্তির সাথে পরিচিত এবং প্রযুক্তির বাস্তবিক জ্ঞান এবং বাস্তব জীবনে প্রযুক্তির ব্যবহার এবং স্কোপ সম্পর্কে ধারনা পেতে পারে। এই ক্লাবগুলো থেকে বিভাগে তত্ত্বাবধানে দেশীয় এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রযুক্তি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে সহযোগিতা করা হয়ে থাকে, যা শিক্ষার্থীদের দক্ষতা বাড়াতে সাহায্য করে।



**Research and Innovation Centre**



**Inter Programming Contest**

ব্যাচেলর লেভেলেই গবেষণা কার্যক্রম এবং সেই গবেষণা কার্যক্রমকে প্রকাশনায় রুপান্তরেরর মাধ্যমে সিএসই বিভাগ শিক্ষার্থীদের উচ্চশিক্ষা গ্রহণের জন্য প্রস্তুত করার কাজে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। শিক্ষক ও শিক্ষকদের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা নিয়মিতভাবে IEEE, Elsevier সহ বিভিন্ন আন্তর্জাতিক জার্নাল এবং কনফারেন্সে তাদের গবেষণাকর্ম প্রকাশ করে চলেছে। সিএসই বিভাগ এই বিভাগের সকল শিক্ষার্থীদের বিভিন্ন গবেষণা প্রকল্পে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করে এবং গবেষণা প্রকল্পে অংশগ্রহণের সুযোগ করে দেয়ার চেষ্টা করে, যা তাদের একাডেমিক ও পেশাদারী জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এই বিভাগের গবেষণা ক্ষেত্রগুলোর মধ্যে আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স, ডেটা সায়েন্স, মেশিন লার্নিং, ব্লকচেইন, সাইবার সিকিউরিটি, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং এবং বিগ ডেটা বিশ্লেষণ অন্যতম।

এছাড়া বিভাগের শিক্ষার্থীদের উন্নত ক্যারিয়ার গঠনের লক্ষ্যে প্রতি বছর বিভাগে ক্যারিয়ার রিলেটেড সেমিনার আয়োজন করে শিক্ষার্থীদের ক্যারিয়ার সংক্রান্ত বিষয় যেমন: চাকুরী, উদ্যোক্তা, উচ্চশিক্ষা এবং গবেষনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়ে থাকে।

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের সিএসই বিভাগ রোবোটিক্স, প্রোগ্রামিং, হেকাতন, গেমিং, সাইবার সিকিউরিটি সংক্রান্ত বিভিন্ন প্রতিযোগিতায় নিয়মিত অংশগ্রহণ করে থাকে। এইসব প্রতিযোগিতা থেকে একাধিক সাফল্যও অর্জন করা সম্ভব হয়েছে। এছাড়া, প্রযুক্তি খাতে বিভিন্ন স্টার্টআপ প্রতিষ্ঠায় ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা ভূমিকা রেখে চলেছে।




**ICPC Asia Dhaka Regional’24**



**6th place at BUET Inter University Gamejam Competition**

## কলেজ লাইব্রেরি:

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজে রয়েছে একটি আধুনিক গ্রন্থাগার। এটি কেন্দ্রীয় গ্রন্থাগার হিসেবে পরিচিত। এটি আন্তর্জাতিক মানের একাডেমিক বই, জার্নাল, বিখ্যাত গবেষকদের গবেষণা পান্ডুলিপি ও জীবনী গ্রন্থে সমৃদ্ধ। এতে সর্বমোট বই, জার্নাল ও অন্যন্যা রিডিং মেটারিয়ালের সংখ্যা ১০,৪৯৭টি। বইয়ের সংখ্যা নির্ণয় করা হয়– একসেশন নাম্বারের মাধ্যমে এবং বুক শেলফে বই বিন্যাসিত হয়েছে আর্ন্তজাতিকভাবে স্বীকৃত Dewey Decimal Classification পদ্ধতিতে। এটি একটি automated library management system। এতে ওপেন সোর্স SLiMS সফ্টওয়ার ব্যবহার করা হয়েছে। কেন্দ্রীয় গ্রন্থাগারের পাশেই রয়েছে আধুনিক সুবিধা সর্ম্পূণ ‘অধ্যয়ন কক্ষ’। উক্ত গ্রন্থাগারে বাংলাদেশের ম্যাপ, বিশ্বম্যাপ, ওয়াই-হাই সুবিধা। কলেজ লাইব্রেরিটি ৯:০০ থেকে ৫:০০ অফিস সময়ে খোলা থাকে। আর অধ্যয়ন কক্ষটি সকাল ৯:০০ থেকে রাত ৯:০০ পর্যন্ত খোলা থাকে।




## কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:

ড. কাজী মোতাহের হোসেন রোড,
বাইতুল আমান, ফরিদপুর-৭৮০০, ফোন নম্বর: **02478847545**
**Website: www.fec.ac.bd**
**E-mail:** principal.fec@gmail.com, principal@fec.ac.bd

# বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ

বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটি একটি সরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং এটি ৮ একর জায়গার উপর প্রতিষ্ঠিত। বরিশাল বিভাগীয় শহর থেকে প্রায় ১৩ কি: মি: পূর্বে বন্দর থানাধীন উত্তর দূর্গাপুরে বরিশাল-ভোলা মহাসড়কের পাশে অবস্থিত। অত্র কলেজটি দেশে প্রকৌশল শিক্ষা বিস্তারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর প্রকল্পের মাধ্যমে কলেজের যাত্রা শুরু হয়। ১৬ নভেম্বর, ২০১৭ খ্রি: হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়ে ২০১৭-১৮ সেশনে ভর্তির অনুমোদন প্রাপ্ত হয়েছে।



**মেইন গেট**



**প্রশাসনিক ভবন**

এ কলেজটিতে বর্তমানে ২টি বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়: (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ, এবং (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ। প্রতি একাডেমিক সেশনে প্রত্যেক বিভাগে ৬০ জন করে ২ বিভাগে মোট ১২০ জন ছাত্র/ছাত্রী ভর্তি হতে পারে।



**সিভিল ভবন**



**ই.ই.ই. ভবন**

কলেজটিতে একটি প্রশাসনিক ভবন, চারটি একাডেমিক ভবন, একটি ছাত্রাবাস ও একটি ছাত্রীনিবাস আছে। তাছাড়া, শিক্ষক ও কর্মচারীদের জন্য পৃথক পৃথক আবাসিক ভবন রয়েছে। প্রতিষ্ঠানটি শহরের কোলাহল এবং যানজটমুক্ত গ্রামীণ প্রাকৃতিক মনোরম পরিবেশে অবস্থিত হওয়ায় মেধা ও মননে সুষ্ঠু বিকাশের পরিবেশ বিদ্যমান। ছাত্র-ছাত্রীদের মানসম্মত শিক্ষাদানের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নিয়োগকৃত এবং বরিশাল বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য প্রতিষ্ঠানের অভিজ্ঞ খন্ডকালীন শিক্ষকবৃন্দ পাঠদানে নিয়োজিত রয়েছেন।



**ছাত্রাবাস**



**ছাত্রীনিবাস**

১ম বর্ষে ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীকে হোস্টেলে আবাসন সুবিধা প্রদান করা হয়ে থাকে। বর্তমানে ছাত্র হোস্টেলে ৪০০ জন এবং ছাত্রী হোস্টেলে ১০০ জন সর্বমোট ৫০০ জন ছাত্র-ছাত্রীর আবাসনের ব্যবস্থা রয়েছে। মাল্টিপারপাস ভবনে অত্যাধুনিক কম্পিউটার দ্বারা সজ্জিত কম্পিউটার ল্যাব, রিসার্চ সেন্টার, সার্ভার রুম এবং ছাত্রছাত্রী ও শিক্ষকগণের পড়াশুনার জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরী আছে। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে ০৮ (আট)টি এবং সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে ০৯ (নয়)টি সমৃদ্ধ ল্যাবসহ ব্যবহারিক ক্লাশের জন্য প্রত্যেক বিভাগে যথেষ্ট পরিমাণ আধুনিক যন্ত্রপাতি রয়েছে।

## কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:

**দুর্গাপুর, (বরিশাল-ভোলা মহাসড়কের পাশে) বরিশাল সদর, বরিশাল**

**মোবাইল নম্বর: ০১৭৪৫৫৯৯১৮০, ০১৭২১২৭৪৯৯৬, ০১৭৪১৪০৬৪৭২, ০১৭২৯৪৭৫১৪৯, ০১৭২২২৬৬৭৫৭**

**Website:** www.bec.ac.bd

**E-mail:** becbarishal@gmail.com, principal@bec.ac.bd

# ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

## নয়ারহাট, সাভার, ঢাকা

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি শিক্ষা প্রতিষ্ঠান, যা বর্তমানে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আলোকে দেশের শীর্ষস্থানীয় শিল্পোদ্যোক্তা সংগঠন 'বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ)' এর ব্যবস্থাপনায় এবং 'বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি)' এর সহযোগিতায় পরিচালিত হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ-এর অধীনে নিটারে ২০১০-২০১১ শিক্ষাবর্ষ থেকে ৪ বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই), ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই), ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।




**নিটার প্রশাসনিক ভবন**



**নিটার একাডেমিক ভবন**

নিটারে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য দেশের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী প্রাপ্ত মেধাবী এবং উত্তর আমেরিকা, জাপান, জার্মানী, ইতালি, কোরিয়া, তুরস্ক, চীনসহ বিশ্বের বিভিন্ন দেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রী (এমএসসি ও পিএইচডি) সম্পন্ন এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রায় ৮০ জন স্থায়ী শিক্ষক নিয়োজিত রয়েছেন। এছাড়াও নিটার হতে ইউরোপ, আমেরিকার বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে ১৩ জন শিক্ষক উচ্চশিক্ষার জন্য বর্তমানে শিক্ষা ছুটিতে রয়েছেন। ছাত্র-ছাত্রীদের অধ্যয়নের জন্য নিটারে রয়েছে প্রায় ২০,০০০ বই সমৃদ্ধ একটি আধুনিক ও ডিজিটালাইজড লাইব্রেরি। গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এখানে রয়েছে ১ টি স্বতন্ত্র 'Center for Research and Industrial Relation (CRIR)', যার মাধ্যমে ইন্ডাস্ট্রি সম্পর্কিত বিভিন্ন ফলিত, বিশেষায়িত ও মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। নিটার-এ ছাত্র-ছাত্রীদের অধ্যয়ন ও গবেষণার জন্য মাল্টিমিডিয়া সমৃদ্ধ আধুনিক ক্লাশরুম ও সর্বাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি/ইকুইপমেন্ট সমৃদ্ধ ল্যাবরেটরি রয়েছে। এছাড়াও তথ্য প্রযুক্তির সাথে সার্বক্ষণিক সংযুক্ত রাখার উদ্দেশ্যে সমগ্র ক্যাম্পাসকে ওয়াই-ফাই জোনে পরিনত করা হয়েছে। ক্যাম্পাসে দ্রুতগতির ও উচ্চ-ক্ষমতাসম্পন্ন ইন্টারনেট ব্যবস্থা বিদ্যমান থাকায় নিটারের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ সকলেই অনলাইনের মাধ্যমে ভার্চুয়াল সভা, সেমিনার বা টেলি-কনফারেন্সিংয়ের সুবিধা প্রাপ্ত হচ্ছে। 'টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং' বিভাগের জন্য রয়েছে সর্বাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি সমৃদ্ধ ইয়ার্ন ল্যাব, উইভিং ল্যাব, নিটিং ল্যাব, ফেব্রিক ল্যাব, অ্যাপারেল ল্যাব, ওয়েট প্রসেসিং ল্যাব, গার্মেন্টস ওয়াশিং ল্যাব, টেক্সটাইল টেস্টিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল ল্যাব।



**অ্যাপারেল ম্যানু. ল্যাব (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)**



**নিটিং ল্যাব (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)**

'আইপিই' বিভাগের জন্য রয়েছে ফ্লুইড মেকানিক্স এন্ড মেশিনারি ল্যাব, থার্মোডিনামিক্স এন্ড হিট ট্রান্সফার ল্যাব, ম্যাটেরিয়ালস এন্ড মেকানিক্স ল্যাব, ম্যানুফেকচারিং প্রসেস ল্যাব, মেকানিক্যাল ওয়ার্কসপ, ড্রয়িং ল্যাব, নিজস্ব কম্পিউটার ল্যাব, সলিড মেকানিক্স ল্যাব, সিএনসি ল্যাব, ফাউন্ড্রি এন্ড কাস্টিং ল্যাব, প্রোডাক্ট ডিজাইন এন্ড আর্গনোমিক্স ল্যাব।



**ম্যানুফেকচারিং প্রসেসিং ল্যাব (আইপিই)**



**সলিড মেকানিক্স ল্যাব (আইপিই)**

'এফডিএই' বিভাগের জন্য রয়েছে অত্যাধুনিক মেশিনারি ও সর্বাধুনিক প্রযুক্তি সমৃদ্ধ 'স্টেট অফ দ্য আর্ট' মানের ডিজাইন স্টুডিও এবং অন্যান্য ল্যাবের মধ্যে রয়েছে ড্রয়িং এন্ড কালার ল্যাব ও প্যাটার্ন ল্যাব। নিটারে পরিচালিত বিএসসি ইন এফডিএই প্রোগ্রামটি যেহেতু Textile ও Fashion Design বিষয়ের

সমন্বিত একটি প্রোগ্রাম তাই এই বিভাগের ছাত্র-ছাত্রীগণের Fashion Designing এর পাশাপাশি R&D, Fabric Styler, Merchandising সহ বিভিন্ন টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে চাকুরীর সুযোগ রয়েছে।



ডিজাইন স্টুডিও (এফডিএই)



আর্ট ল্যাব (এফডিএই)

দেশের শিল্পখাতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সর্বাধুনিক প্রযুক্তি অনুযায়ী অটোমেশন করার লক্ষ্যে নিটারে 'সিএসই' বিভাগ চালু করা হয়েছে, যেখানে রয়েছে অত্যাধুনিক কম্পিউটার সমৃদ্ধ ২টি CAD-CAM ল্যাব, ১টি কমিউনিকেশন এন্ড কম্পিউটার নেটওয়ার্কস ল্যাব, ১টি প্রোগ্রামিং ল্যাব ও ১টি অ্যাডভান্সড কম্পিউটিং ল্যাব।



প্রোগ্রামিং ল্যাব (সিএসই)



প্রোগ্রামিং ল্যাব (সিএসই)

দেশের বস্ত্র ও সহায়ক শিল্পখাতের কারখানা সমূহে প্রতিনিয়ত নিত্যনতুন বৈদ্যুতিক প্রযুক্তি উদ্ভাবিত হওয়ায় পর্যাপ্ত বৈদ্যুতিক প্রকৌশলী তৈরীর জন্য নিটারে 'ইইই' বিভাগ চালু করা হয়েছে। 'ইইই' বিভাগের গুরুত্বপূর্ণ ল্যাব সমূহের মধ্যে রয়েছে ইলেকট্রিক্যাল সার্কিটস/ইলেকট্রনিক্স/ভিএলএসআই ল্যাব, পাওয়ার সিস্টেম এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ল্যাব, ইলেকট্রিক্যাল মেশিন এন্ড পাওয়ার ইলেকট্রনিক্স ল্যাব, কন্ট্রোল সিস্টেম এন্ড ইনস্ট্রুমেন্টেশন ল্যাব। সকল বিভাগ সমূহের কমন ল্যাবরেটরি হিসেবে রয়েছে রসায়ন ল্যাব, পদার্থ বিজ্ঞান ল্যাব, মেকানিক্যাল ওয়ার্কশপ, ইঞ্জিনিয়ারিং ড্রয়িং/গ্রাফিক্স ল্যাব এবং অন্যান্য প্রয়োজনীয় ল্যাবরেটরি।



ইলেকট্রিক্যাল মেশিন ল্যাব (ইইই)



কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ল্যাব (ইইই)

ঢাকার অদূরে সাভারের নয়ারহাট এলাকায় প্রায় ১৩ একর আয়তন বিশিষ্ট নিটারের নিজস্ব ক্যাম্পাস রয়েছে। ক্যাম্পাসে বিভিন্ন ভবনে প্রায় সোয়া-দুই লক্ষ বর্গফুট বিভিন্ন ভৌত অবকাঠামো রয়েছে। আবাসিক শিক্ষার্থীদের জন্য নিটার-এ রয়েছে পৃথক ছাত্র ও ছাত্রী হোস্টেল। ছাত্র হোস্টেলে ৪০০ জন এবং ছাত্রী হোস্টেলে ৩০০ জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে। শিক্ষক-কর্মকর্তাদের জন্য ২টি আবাসিক কোয়ার্টার রয়েছে। নিটার এর ছাত্র-ছাত্রীদের জন্য রয়েছে ২টি প্রশস্ত খেলার মাঠ, সমগ্র ক্যাম্পাসে পরিকল্পিত রাস্তা, ক্যান্টিন ও ক্যাফেটেরিয়া, মেডিকেল সেন্টার, সংস্কৃতি বিকাশ কেন্দ্র সহ সবুজে ঘেরা নির্মল প্রাকৃতিক পরিবেশ সমৃদ্ধ অনন্য ক্যাম্পাস। ছাত্র-ছাত্রীদের নিটার-ফার্মগেইট-নিটার এবং নিটার-আব্দুল্লাহপুর-নিটার রুটে যাতায়াতের সুবিধার্থে বাস সার্ভিস রয়েছে। উল্লেখ্য, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে আর্থিকভাবে অস্বচ্ছল শতকরা ৫ (পাঁচ) জন মেধাবী শিক্ষার্থীকে সরকারি ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অনুরূপ খরচে অধ্যয়নের সুযোগ রয়েছে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ৩৩ জন শিক্ষার্থী এই বৃত্তির আওতায় অধ্যয়নের সুযোগ পেয়েছে। এছাড়াও প্রতিবছর 'মেধা বৃত্তি' এবং 'শিক্ষা বৃত্তি (অস্বচ্ছল)' নামে ২টি বৃত্তি প্রদান করা হচ্ছে। ২০২৩ সালে ১৫ জন শিক্ষার্থীকে **'মেধা বৃত্তি- ২০২৩'** এবং ৭৮ জন শিক্ষার্থীকে **'শিক্ষা বৃত্তি- ২০২৩ (অস্বচ্ছল)'** প্রদান করা হয়েছে।



নিটার লাইব্রেরি'র একাংশ




ছাত্র-ছাত্রীদের পরিবহনের জন্য বাস

২০২১ সাল পর্যন্ত নিটার হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ৮টি ব্যাচে মোট ১১৪২ জন, আইপিই প্রোগ্রামের ২টি ব্যাচের ১২৬ জন এবং এফডিএই ১টি ব্যাচে ৩০ জন ছাত্র-ছাত্রী সফলভাবে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছে এবং তাদের ১০০% গ্রাজুয়েট দেশের বিভিন্ন খ্যাতনামা টেক্সটাইল ও অন্যান্য শিল্প প্রতিষ্ঠান, সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও ক্যাডার সার্ভিস সহ সরকারি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে নিয়োজিত রয়েছে। এছাড়াও বিটিএমএ এর অধীনস্ত মিল সমূহে তারা অগ্রাধিকার ভিত্তিতে চাকুরীর সুযোগ পেয়ে থাকে।

### আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম-এ নিটারের অনুমোদিত আসন সংখ্যা ও টিউশন ফি নিম্নরূপ:

| নং | ভর্তি বিভাগ সমূহ | আসন সংখ্যা | ৪ বছরের টিউশন ফি ও অন্যান্য |
|---|---|---|---|
| ১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (ইয়ার্ন, ফেব্রিক, অ্যাপারেল, ওয়েট প্রসেসিং) | ২৪০ | **৪,৮৫,০০০/-** (রেজিস্ট্রেশন ও পরীক্ষা ফি ব্যতীত) |
| ২. | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিঃ (আইপিই) | ১২০ | |
| ৩. | ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিঃ (এফডিএই) | ৬০ | |
| ৪. | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিঃ (সিএসই) | ১২০ | |
| ৫. | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিঃ (ইইই) | ৬০ | |
| | মোট আসন | ৬০০ | |

## ইনস্টিটিউট সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:

**নয়ারহাট, সাভার, ঢাকা**

মোবাইলঃ **০১৭৫৫-০৬০২৭৫, ০১৮২০-০০৮৮৭৬, ০১৭৩৯-৪৫২৬৪১, ০১৭২২-৩৭৮২১১**

Website: **www.niter.edu.bd,** Email**: registraroffice@niter.edu.bd**

# শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ

(অধ্যক্ষ এম. এ. সাত্তার ট্রাস্ট কর্তৃক পরিচালিত)



শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ (এসইসি) ঢাকা বিশ্ববিদ্যালয় এর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অধীনে রাজধানী ঢাকা শহরে নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে ও আধুনিক একাডেমিক পরিবেশে শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়। শিক্ষার মান নিশ্চিত করার জন্য ৬৮ জন শিক্ষকের পাশাপাশি পিএইচ.ডি ডিগ্রিধারী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ সম্মানিত অধ্যাপক মন্ডলী খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োজিত রয়েছেন। সমৃদ্ধ লাইব্রেরি ও নিজস্ব পরিবহন ব্যবস্থার পাশাপাশি আবাসিক শিক্ষার্থীদের জন্য এসটিইসির রয়েছে নিজস্ব ছাত্রাবাস ও ছাত্রীনিবাস। দুইটি একাডেমিক ও একটি প্রশাসনিক ভবন সম্বলিত এসটিইসি শিক্ষার্থীদের মেধা বিকাশে যত্নশীল একটি প্রতিষ্ঠান। মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের জন্য রয়েছে অধ্যক্ষ এম. এ. সাত্তার ট্রাস্ট এডুকেশন স্কলারশীপ।







শুধু তাই নয়, গ্র্যাজুয়েটদের কর্মসংস্থান নিশ্চিতকরণ, চাকুরি বাজারের চাহিদা পূরণ এবং দক্ষ জনবলের অভাব পূরণের লক্ষ্যে রয়েছে প্রতিষ্ঠানের নিজস্ব জব/প্লেসমেন্ট বিভাগ। যা শিক্ষার্থীদের কর্মসংস্থান সম্বন্ধে সঠিক ধারণা দিতে এবং চাকরি বাজারে নিজেদের প্রকৃত অবস্থান খুঁজে পেতে কার্যকরী ভূমিকা রেখে যাচ্ছে।

**শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ (এসইসি) ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অধীনে চার বছর মেয়াদি আন্ডারগ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে নিম্নলিখিত বিভাগসমূহে একাডেমিক কার্যক্রম পরিচালনা করছে:**

| বিভাগসমূহ | আসন সংখ্যা | ৪ বছরের টিউশন ফি ও অন্যান্য (রেজিস্ট্রেশন ও পরীক্ষা ফি ব্যতীত) |
|---|---|---|
| টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ১২০ | **৪,৫৩,০০০/-** |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ৫০ | |
| ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) | ৫০ | |
| ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) | ৩০ | |
| মোট আসন = | ২৫০ | |

সময়ের পরিবর্তনের সঙ্গে বাড়ছে পেশাদারিত্বের গন্ডি। চাকুরির বাজারে বস্ত্র প্রকৌশলীদের চাহিদা এতটাই বাড়ছে যে, পড়াশোনার শেষ করার আগেই রয়েছে চাকুরীর নিশ্চয়তা। বস্ত্রখাত দেশের সবচেয়ে সম্ভাবনাময় একটি খাত। এটি বাংলাদেশের প্রধান রপ্তানিমুখী খাত হওয়ায় দিন দিন এর চাহিদা ও গুরুত্ব বেড়েই চলছে। পাশাপাশি বাড়ছে বস্ত্র/টেক্সটাইল ইঞ্জিনিয়ারের চাহিদাও। আর ক্রমবর্ধমান এ চাহিদা বিবেচনায় শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনা করেছে। নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে সুন্দর একাডেমিক পরিবেশে অবস্থিত অত্র বিভাগের রয়েছে মাল্টিমিডিয়া ক্লাশ রুম ও অত্যাধুনিক প্রযুক্তি সমৃদ্ধ ল্যাব। ল্যাব এর মধ্যে টেক্সটাইল টেস্টিং অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ওয়েট প্রসেসিং ল্যাব, ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং ল্যাব, ফেব্রিক ও অ্যাপারেল ম্যানুফেকচারিং ল্যাব উল্লেখযোগ্য।











শিক্ষর্থীদের মেধার বিকাশ নিশ্চিতে অত্র বিভাগের নিবেদিতপ্রাণ শিক্ষকগণের পাশাপাশি দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণও গেস্ট ফ্যাকাল্টি হিসেবে ক্লাশ পরিচালনা করে থাকেন।

## ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (FDAE) বিভাগ

আধুনিকতার ছোঁয়ায় পোশাককে রুচিসম্মতভাবে পরিধানের উপযোগী করে তোলেন ফ্যাশন ডিজাইনারগণ। ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এমন একটি শিক্ষাক্রম যা একজন ফ্যাশন/অ্যাপারেল গ্র্যাজুয়েটকে তার বুদ্ধিভিত্তিক সৃজনশীলতা এবং কারিগরি ও কমিউনিকেশন স্কিল ডেভেলপমেন্টের মাধ্যমে কম্পিটেন্ট করে তোলে। শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনা করছে।





তাত্ত্বিক ও ব্যবহারিক কার্যক্রম পরিচালনার জন্য অত্র বিভাগে আইসিটি বেজড ক্লাশ রুমের পাশাপাশি রয়েছে ডিজাইন স্টুডিও, প্যাটার্ন মেকিং অ্যান্ড ফেব্রিক কাটিং ল্যাব, অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং ল্যাব, ফ্যাশন ইলাস্ট্রেটর অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ল্যাব এবং ড্রইং ল্যাব। সৃজনশীলতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীদের মেধা বিকাশে অত্র বিভাগের রয়েছে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ ও নিবেদিতপ্রাণ শিক্ষকমন্ডলী।









## কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE) বিভাগ

তথ্য প্রযুক্তির এ যুগে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) একটি জনপ্রিয় বিভাগ। যারা প্রযুক্তি নির্ভর পেশায় নিয়োজিত হতে চায়, তাদের জন্য সিএসই উন্মোচন করেছে এক অমিত সম্ভাবনার দ্বার। আর এ বিষয়টি বিবেচনা করে শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ (এসইসি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪ বছর মেয়াদী বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনা করছে। প্রতিষ্ঠানের সিএসই বিভাগ নিজস্ব একাডেমিক ভবনে অবস্থিত, যার প্রতিটি ক্লাশ রুম ও ল্যাবরেটরি ইন্টারঅ্যাকটিভ ইলেকট্রনিক হোয়াইট বোর্ড সম্বলিত মাল্টিমিডিয়া প্রযুক্তিতে সমৃদ্ধ।



তাত্ত্বিক ও প্রায়োগিক শিক্ষার সমন্বয়ে ডিজাইনকৃত এই ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনার্থে উক্ত বিভাগে রয়েছে বিষয়ভিত্তিক পর্যাপ্ত ল্যাবরেটরি। ল্যাব এর মধ্যে প্রোগ্রামিং ল্যাব, ডাটাবেজ ল্যাব, নেটওয়ার্কিং ল্যাব, অপারেটিং সিস্টেম ল্যাব, কম্পিউটার অ্যাপ্লিকেশন ল্যাব, কম্পিউটার ফান্ডামেন্টালস ল্যাব, মাইক্রোপ্রসেসর ও মাইক্রোকন্ট্রোলার ল্যাব উল্লেখযোগ্য। শুধু তাই নয়, উক্ত বিভাগের একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য দেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি সম্পন্ন এবং শিল্প প্রতিষ্ঠানে বাস্তব কাজের অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক মন্ডলী নিয়োজিত রয়েছেন। ডিজিটাল অধ্যায় রচনার মাধ্যমে একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজ এর সিএসই বিভাগ বদ্ধ পরিকর।



## ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) বিভাগ

বিশ্বায়নের এই যুগে বিদ্যুৎ হচ্ছে সকল কিছুর প্রাণ। ঊনবিংশ শতাব্দীর শেষ ভাগে যখন টেলিগ্রাফি ও বিদ্যুৎ শক্তির ব্যবহার জনপ্রিয় হয়ে উঠতে শুরু করে তখন থেকে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এর আত্মপ্রকাশ ঘটে। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারগণ তথ্য আদান-প্রদান ও শক্তি সঞ্চালনের জন্য বিদ্যুৎ ব্যবস্থাকে ব্যবহার করে। দৈনন্দিন নিত্য নতুন বৈদ্যুতিক প্রযুক্তি উদ্ভাবিত হওয়ায় পর্যাপ্ত বৈদ্যুতিক প্রকৌশলী তৈরির লক্ষ্যে শ্যামলী ইঞ্জিনিয়ারিং কলেজে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ চালু করা হয়েছে।



যা দক্ষ ও যোগ্য ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক প্রকৌশলী তৈরি করতে সক্ষম। উক্ত প্রোগ্রামটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালনা করেছে। একজন শিক্ষার্থীকে দক্ষ হিসেবে গড়ে তোলার জন্য আধুনিক ব্যবহারিক যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাব রয়েছে।







ল্যাব-এর মধ্যে ডিজিটাল ইলেকট্রনিক্স ল্যাব, ইলেকট্রিক্যাল মেশিন ল্যাব, মাইক্রোপ্রসেসর ও মাইক্রোকন্ট্রোলার ল্যাব, ইলেকট্রিক্যাল মেজারমেন্ট ল্যাব উল্লেখযোগ্য। মাল্টিমিডিয়া ক্লাস রুম সম্বলিত আইসিটি বেজড একাডেমিক পরিবেশে অবস্থিত অত্র বিভাগের শিক্ষার্থীরা নিবেদিতপ্রাণ শিক্ষকদের সযত্ন পরিচর্যায় দক্ষ প্রকৌশলী হিসেবে গড়ে ওঠে ।

## কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপঃ


**হাউজ নং ১০, রোড নং ০১, চাঁদ উদ্যান, মোহাম্মদপুর, ঢাকা**

**ফোনঃ ০১৯০৭৪৮৫৮০১, ০১৯০৭৪৮৫৮০২, ০১৭১১৫২৬৩৬৬, ০১৭৫৪৯৭৮১৭৩**

**E-mail:** stec_ac@yahoo.com;

**Website:** www. shec.ac.bd


# সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি
## মিরপুর-১৪, ঢাকা




সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে ২০২১-২০২২ শিক্ষাবর্ষ থেকে বি.এসসি (ইঞ্জিনিয়ারিং) প্রোগ্রাম-এ শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন প্রাপ্ত একটি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট। এই প্রতিষ্ঠানটি রাজধানীর প্রাণকেন্দ্র মিরপুর ১৩ তে অবস্থিত। প্রতিষ্ঠানটির একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন ১০তলা বিশিষ্ট স্থায়ী ক্যাম্পাস রয়েছে। দেশে প্রকৌশল শিক্ষা বিস্তারের লক্ষ্যে প্রতিষ্ঠানটি ৩০ আগস্ট ২০২২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি লাভ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে প্রযুক্তি ইউনিট-এর মাধ্যমে চার বছর মেয়াদি আন্ডারগ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ২০২১-২০২২ শিক্ষাবর্ষ থেকে ৩ (তিন) টি বিভাগ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ হতে ৪ (চার) টি বিভাগ-এ শিক্ষার্থী ভর্তির মাধ্যমে একাডেমিক কার্যক্রম পরিচালনা শুরু করা হয়েছে। বিভাগসমূহ নিম্নরুপঃ

(১) সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ- ৩০টি আসন
(২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ- ৪০টি আসন
(৩) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ- ৩০টি আসন
(৪) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগ- ৩০টি আসন

এই প্রতিষ্ঠানে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে মোট ১৩০ জন ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ রয়েছে।

## সিভিল ইঞ্জিনিয়ারিং (CE):

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ৯টি আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাব রয়েছে। এছাড়া বিভাগীয় সেমিনার লাইব্রেরি ও আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ শ্রেণি কক্ষ রয়েছে এবং অভিজ্ঞ শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

### সিভিল ইঞ্জিনিয়ারিং ল্যাবসমূহঃ

(i) CAD/CAM Lab (ii) Materials & Geotechnical Lab (iii) Transportation Lab (iv) Fluid Mechanics Lab (v) Drawing Lab (vi) Surveying Lab (vii) Physics Lab and (viii) Chemistry Lab(ix) Environmental Lab



সিভিল ল্যাব

## কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE):


কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ১০টি সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত ল্যাব রয়েছে। এছাড়াও বিভাগীয় সেমিনার, লাইব্রেরি ও আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ শ্রেণি কক্ষ রয়েছে এবং অভিজ্ঞ শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।




**কম্পিউটার ল্যাব**

**কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ল্যাবসমূহ:**

(i) Software & VLSI Lab (ii) Computer Graphics Lab (iii) Networking Lab (iv) Analog and Digital Electronics Lab (v) Electrical Circuit Lab (vi) Measurement Lab (vii) Microprocessor Microcontroller Lab (viii) Physics Lab (ix) Chemistry Lab (x) Communication Lab





**ইলেকট্রনিক ল্যাব**

## ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE):

অত্র ইনস্টিটিউট-এ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত ১৩টি ল্যাব রয়েছে। এছাড়া বিভাগীয় সেমিনার লাইব্রেরি ও আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ শ্রেণি কক্ষ রয়েছে এবং অভিজ্ঞ শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।



**ইলেকট্রিক্যাল ল্যাব**

**ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ল্যাবসমূহ:**

(i) Analog and Digital Electronics Lab
(ii) Signal System Lab
(iii) Communication Lab
(iv) Electrical Circuit and Measurement Lab
(v) Electrical Machine Lab (vi) PLC Lab
(vii) Microcontroller & Automation Lab
(viii) Software & VLSI Lab (ix) CAD & Graphics Lab (x) Networking Lab
(xi) Physics Lab and (xii) Chemistry Lab (xiii) Power System Lab

## মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME)

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ ইনস্টিটিউটসমূহের মধ্যে আমরাই সর্বপ্রথম মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ চালু করতে সক্ষম হয়েছি। আমাদের রয়েছে সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত ৯টি ল্যাব, অভিজ্ঞ শিক্ষক মন্ডলী, অত্যাধুনিক লাইব্রেরি এবং ডিজিটাল ক্লাশরুম সুবিধা।



**মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ল্যাবসমূহ:**

(i) Mechanics Lab (ii) Fluid Mechanics
(iii) Heat Engine Lab (iv) Machine Shop
(v) Welding Shop (vi) CAD/CAM Lab
(vii) Thermodynamics Lab
(viii) Metallurgy Lab
(ix) Automobile Lab



**বিশেষ সুবিধা সমূহ:**

২১টি স্বয়ংসম্পূর্ণ ল্যাব এবং মাল্টিমিডিয়া ক্লাস রুম, সুসজ্জিত লাইব্রেরি, মনোরম ক্যান্টিন, সুবিশাল লবি/ওয়েটিং স্পেস, অভিজ্ঞ শিক্ষকমন্ডলী, সিসি ক্যামেরার আওতাধীন ক্যাম্পাস, শিক্ষার্থীদের তত্ত্বাবধানের জন্য রয়েছে গাইড শিক্ষক এবং SMS এর মাধ্যমে শিক্ষার্থীদের গুরুত্বপূর্ণ তথ্য প্রদানের ব্যবস্থা।



**হোস্টেল:**

ছাত্র/ছাত্রীদের আবাসিক সুবিধা ও নিরাপত্তার কথা বিবেচনা করে SIMT কর্তৃপক্ষ ৫০০ আসন বিশিষ্ট ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক আবাসিক ৬টি হোস্টেল পরিচালনা করে আসছে। পরিস্কার পরিচ্ছন্ন পরিবেশ সুশৃঙ্খলভাবে হোস্টেল পরিচালনার ক্ষেত্রে ছাত্র/ছাত্রীদের প্রবেশ ও প্রস্থান রেজিস্টার বইয়ে লিপিবদ্ধ করা হয়। এছাড়া হোস্টেলগুলো পুরোপুরি সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রণ করা হয়। হোস্টেলে অবস্থানরত ছাত্র/ছাত্রীদের জন্য লাইব্রেরি এবং ল্যাব ব্যবহারের পর্যাপ্ত সুবিধা রয়েছে।



**ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ভর্তি সংক্রান্ত বিভাগ ও ফিসমূহ:**

| বিভাগসমূহ | খাত | খাত অনুযায়ি ফি |
|---|---|---|
| • সিভিল ইঞ্জিনিয়ারিং (CE)<br>• কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)<br>• ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE)<br>• মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME) | ভর্তি ফি | ২০,০০০/- |
| | ল্যাব ফি | ২০,০০০/- |
| | বার্ষিক ফি | ২৫,০০০×৪=১,০০,০০/- |
| | মাসিক বেতন | ৪,০০০×৪৮=১,৯২,০০০/- |
| | লাইব্রেরি ফি | ২,০০০/- |
| | রেজিস্ট্রেশন ফি | ২,০০০/- |
| | ভর্তি ফরম | ১,০০০/- |
| | বেতন বহি ও আইডি | ১০০+২০০= ৩০০/- |
| | সর্বমোট | ৩,৩৭,৩০০/- |

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অত্র ইনস্টিটিউট কর্তৃক শিক্ষা/অন্য কোনো বিষয়ে আরোপিত যে কোনো ফি শিক্ষার্থী বহন করবে।

**কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:**

সাইক টাওয়ার, এম/৩, (মিরপুর-১৩ প্রিন্স বাজার সংলগ্ন)

মিরপুর-১৪, ঢাকা-১২১৬, মোবাইল নম্বর: ০১৯৩৬ ০০৫ ৮১৬, ০১৯৩৬ ০০৫ ৮১৭

**Website: simt.ac.bd, E-mail: vp.simt@gmail.com**

## অনলাইনে আবেদন সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য

## অথবা

## সহযোগিতার জন্য যোগাযোগ করুন

**(সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা সময়ের মধ্যে)**

## কেন্দ্রীয় ভর্তি অফিস

**কক্ষ নম্বর ২১৪, প্রশাসনিক (রেজিস্ট্রার) ভবন**

**ঢাকা বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা-১০০০**

**ফোন: ৫৫১৬৭৭২৪, ০১৬৩১৯৫৩৮৪৩, ০১৭৪৩০৪২৮৬৪**

**০১৮২২১৩৭৬০১, ০১৯৯৩৯৯২১৪৯**

**০৯৬৬৬৯১১৪৬৩ এক্স: ৯০১৫, ৯০১৬, ৪০৮২**

## ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা

**(সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা সময়ের মধ্যে)**

## ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

**উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র (কারস্ ভবন)**

**লিফ্ট-৯ (কক্ষ নং ৯১১), ১০ম তলা**

**মোকাররম হোসেন ভবন এলাকা, ঢাকা বিশ্ববিদ্যালয়**

**আইপি পিএবিএক্স: ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩ এক্স: ৪৩৬৬, ৭৩৫১**

**মোবাইল: ০১৫১৮৩৩৩৯৯৩**